Institute of Business Administration

# ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট
# (আইবিএ)
# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ভর্তি-নির্দেশিকা
## আন্ডারগ্র্যাজুয়েট (বিবিএ) প্রোগ্রাম
## শিক্ষাবর্ষ: ২০২৪-২৫

| | |
|---|---|
| ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ৩রা জানুয়ারি, ২০২৫ সকাল ১০:০০ টা |
| আবেদনের সময় | ০৪/১১/২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২৫/১১/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত |
| প্রবেশপত্র ডাউনলোড করার সময় | ২৩/১২/২০২৪ তারিখ হতে সংশ্লিষ্ট ইউনিট পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্ব পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার সময়কাল | ১২০ মিনিট |
| IBA Help Desk নম্বর | +8801772563303 এবং +8801871130956 |

Professor Shakil Huda
Director (Acting)
Institute of Business Administration
University of Dhaka

# নির্দেশনাবলি

১। ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান-এর পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫ জি.পি.এ. থাকতে হবে এবং এই দুইটি পরীক্ষায় প্রাপ্ত জি.পি.এ.-র যোগফল অন্তত ৮.০০ হতে হবে।

৩। **IGCSE/O-Level এবং IAL/GCE A-Level-এ উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে:**

(ক) IGCSE/O-Level-এ অন্তত ৫টি বিষয়ে (Mathematics আবশ্যিক) এবং IAL/GCE A-Level-এ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে IGCSE/O-Level ও IAL/GCE A-Level-এর ৭টি বিষয়ের মধ্যে কমপক্ষে ২টি বিষয়ে A গ্রেড থাকতে হবে এবং IGCSE/O-Level ও IAL/GCE A-Level-এ যথাক্রমে আলাদাভাবে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.৫ থাকতে হবে। পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট হবে নিম্নরূপ:

A=5.0; B=4.0; C= 3.0; D= 0.0

(খ) IGCSE/O-Level/সমমান এবং IAL/GCE A-Level/সমমান বিদেশি পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য https://admission.eis.du.ac.bd ওয়েবসাইটে গিয়ে "সমমান আবেদন" (Equivalence Application) মেন্যুতে আবেদন করে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মতো তারাও একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। যদি কোন শিক্ষার্থীর Equivalence সার্টিফিকেট পেতে সমস্যা হয়, তবে তাদেরকে IBA Help Desk (+8801772563303 এবং +8801871130956)-এ যোগাযোগ করার জন্যে অনুরোধ করা যাচ্ছে।

৪। আবেদনকারীকে ০৪/১১/২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২৫/১১/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে DU Admission Website (https://admission.eis.du.ac.bd)-এ অনলাইনে আবেদন করতে হবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের নম্বর (ঐচ্ছিক) এবং স্ক্যান করা একটি ছবির প্রয়োজন হবে। ভর্তি আবেদন ফি সাথে সাথে অনলাইনে বা ৪টি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) যে কোনো শাখায় নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দিতে হবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য উক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফি জমা না দেয়া হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫। ভর্তি আবেদন ফি সর্বমোট ১,৫০০/- টাকা।

৬। ভর্তি পরীক্ষা ০৩ জানুয়ারি ২০২৫, শুক্রবার সকাল ১০:০০ টায় শুরু হবে। পরীক্ষার্থীদের সকাল ৯:৩০ এর মধ্যে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।

৭। পরীক্ষার আসনবিন্যাস Website (https://admission.eis.du.ac.bd এবং https://iba-du.edu) ও অন্যান্য মাধ্যমে জানা যাবে।

Professor Shakil Huda
Director (Acting)
Institute of Business Administration
University of Dhaka

৮। ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অ্যান্ডারগ্র্যাজুয়েট (BBA) প্রোগ্রামের ভর্তি পরীক্ষা দুই ধাপে অনুষ্ঠিত হবে।

**প্রথম ধাপঃ**

এই ধাপে ১০০ নম্বরের পরীক্ষা নেয়া হবে যার মধ্যে ৭০ নম্বর থাকবে বহুনির্বাচনি প্রশ্ন (MCQ)-এর অংশের জন্য এবং বাকি ৩০ নম্বর বর্ণনামূলক অংশের জন্য বরাদ্দ থাকবে। প্রথম ধাপের পরীক্ষার মানবন্টন হবে নিম্নরূপ:

**ক) অংশ ১: বহুনির্বাচনি প্রশ্ন (MCQ) [সময় ৯০ মিনিট]**

| পরীক্ষার বিষয় | মোট নম্বর | ন্যূনতম (Cut-off) নম্বর |
|---|---|---|
| ইংরেজি (English) | ৩০ | ১২ |
| গণিত (Mathematics) | ২৫ | ১০ |
| বিশ্লেষণাত্মক দক্ষতা (Analytical Ability) | ১৫ | ৬ |

বহুনির্বাচনি প্রশ্ন (MCQ)-এর পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ঐ প্রশ্নের জন্য বরাদ্দকৃত নম্বরের ২৫% নম্বর কাটা হবে।

**খ) অংশ ২: বর্ণনামূলক (Descriptive) [সময় ৩০ মিনিট]**

| পরীক্ষার বিষয় | মোট নম্বর | ন্যূনতম (Cut-off) নম্বর |
|---|---|---|
| Argumentative writing/Descriptive writing/ Critical writing/Thematic writeup etc. | ৩০ | ১২ |

MCQ অংশে ন্যূনতম নম্বর অর্জন করা পরীক্ষার্থীদের মধ্যে মেধার ক্রমানুসারে আসন সংখ্যার সর্বনিম্ন ৩ গুণ থেকে সর্বোচ্চ ৪ গুন প্রার্থীর বর্ণনামূলক অংশের উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

তবে, প্রথম ধাপের ১০০ নম্বরের পরীক্ষায় বিষয় ও অংশ ভিত্তিক ন্যূনতম নম্বর অর্জন করা পরীক্ষার্থীর সংখ্যা অপর্যাপ্ত হলে ইনস্টিটিউটের একাডেমিক কমিটি (Academic Committee) পরীক্ষার যেকোনো অংশ বা বিষয়ের ন্যূনতম নম্বর কমাতে পারবে।

প্রথম ধাপের ১০০ নম্বরের পরীক্ষায় ন্যূনতম নম্বর অর্জন করা শিক্ষার্থীদের মধ্যে মেধাক্রম অনুযায়ী ন্যূনতম ১৬০ জন প্রার্থীকে দ্বিতীয় ধাপের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। দ্বিতীয় ধাপের পরীক্ষার জন্য মনোনীত পরীক্ষার্থীদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**দ্বিতীয় ধাপঃ**

এই ধাপে পরীক্ষার্থীদের কমিউনিকেশন দক্ষতা (Communication Skill) যাচাই করা হবে। কমিউনিকেশন পরীক্ষায় (Communication Test) মোট ২০ নম্বর বরাদ্দ থাকবে। চূড়ান্ত মেধা তালিকায় বিবেচিত হওয়ার জন্য অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের কমিউনিকেশন পরীক্ষায় (Communication Test) ন্যূনতম ১২ নম্বর অর্জন করতে হবে। দ্বিতীয় ধাপের জন্য নির্বাচিত প্রার্থীকে পরীক্ষার দিন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার মার্কশিট ও সার্টিফিকেটের মূল ও সত্যায়িত ফটোকপি সাথে আনতে হবে।

Professor Shakil Huda
Director (Acting)
Institute of Business Administration
University of Dhaka

৯। ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটে মোট আসন সংখ্যা ১২০টি, যা সম্পূর্ণ মেধার ভিত্তিতে পূরণ করা হয়। দুই ধাপের সম্মিলিত ১২০ নম্বরের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাক্রম নির্ধারণ করা হবে এবং প্রথম ১২০ জন পরীক্ষার্থীকে আন্ডারগ্র্যাজুয়েট (BBA) প্রোগ্রামে ভর্তির সুযোগ দেয়া হবে।

১০। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষার নম্বরসহ চূড়ান্ত ফলাফল ও উত্তীর্ণ পরীক্ষার্থীদের মেধা তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

(ক) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ফরমের সাথে প্রয়োজনীয় সনদপত্র যথা - মার্কশিট ও সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ছাড়াও নিমোক্ত কাগজপত্র জমা দিতে হবে:

- প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সেই প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
- উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
- মাধ্যমিক শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি।

(খ) পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা তদ্রুপ কোনো ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

(গ) পরীক্ষার দিন থেকে ৩০ কার্য দিবসের মধ্যে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।

Professor Shakil Huda
Director (Acting)
Institute of Business Administration
University of Dhaka